# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কসবাকান্ডে নির্যাতিতা এবং অভিযুক্তদের মেডিকোলিগাল টেস্ট সম্পন্ন হয়েছে।

মুখ্যমন্ত্রী রাজ্যে অগণতান্ত্রিক মানসিকতা নিয়ে সরকার পরিচালনা করছে বলে বিজেপির অভিযোগ। রাজ্য সরকার এই অভিযোগ খন্ডন করেছে।

এই ধর্ষণের ঘটনায় আজ সুপ্রিম কোর্ট এবং কলকাতা হাইকোর্টে একাধিক মামলা দায়ের হয়েছে। সাউথ ক্যালকাটা ল কলেজে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে পঠনপাঠন।

২) কলকাতা হাইকোর্ট, ২০১৯ সালে সন্দেশখালিতে তিন বিজেপি কর্মী খুনের ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে।

৩) জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া পশ্চিমবঙ্গ উপকূলে শুরু করতে চলেছে উপকূলীয় প্রাণী বা সামুদ্রিক জীব সনাক্তকরণে ট্যাগ বসানোর কাজ।

৪) আজ ঐতিহাসিক হুল দিবস । এরাজ্যেও যথোচিত মর্যাদায় দিনটি উদযাপিত হচ্ছে ।

৫) রাজ্যের মুখ্য সচিব হিসাবে মনোজ পন্থের কর্মকালের মেয়াদ আরও ৬ মাস বাড়ানো হয়েছে।

৬) সারা সপ্তাহ জুড়ে রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

--------------------------------------------------------------------------------------------

কসবাকান্ডে নির্যাতিতা এবং অভিযুক্তদের মেডিকোলিগাল টেস্ট সম্পন্ন হয়েছে বলে কলকাতা পুলিশ জানিয়েছে। আজ এক বিবৃতিতে লালবাজার সূত্রে জানা গেছে, ঘটনাস্থলের ফরেন্সিক পরীক্ষা করা হয়েছে। উর্ধ্বতন কর্মকর্তাদের নিবিড় তত্ত্বাবধানে একটি বিশেষ তদন্তকারী দল গোটা ঘটনার অনুসন্ধান চালাচ্ছে। সিসিটিভি ফুটেজের সঙ্গে নির্যাতিতার বয়ানের মিল রয়েছে। অভিযুক্তদের ডিএনএ নমুনা ফরেন্সিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

অপরাধীদের সর্বোচ্চ আইনী শাস্তি এবং নির্যাতিতার যথাসম্ভব দ্রুত ন্যায়বিচার সুনিশ্চিত করতে প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ বলে কলকাতা পুলিশ জানিয়েছে।

বিজেপি ল কলেজের ক্যাম্পাসের ভেতর আইনী পড়ুয়ার ধর্ষণের ঘটনায় রাজনীতির উর্ধ্বে উঠে অপরাধীদের শাস্তি দেওয়ার দাবি জানিয়েছে। দলের পক্ষ থেকে আজ কেন্দ্রীয় ফ্যাক্ট ফাইন্ডিং টিম ঘটনাস্থল পরিদর্শন করে। দলের সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডার নির্দেশে গঠিত এই কমিটিতে রয়েছেন, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সৎপাল সিং, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী মিনাক্ষী লেখি, লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব এবং রাজ্যসভার সাংসদ মনন কুমার মিশ্রা। তাদের সঙ্গে ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। পরে এক সাংবাদিক বৈঠকে দলের সদস্য সৎপাল সিং অভিযোগ করেন, রাজ্যে মহিলা মুখ্যমন্ত্রীর শাসনকালে যেভাবে একটি নির্দিষ্ট প্যাটার্নে মহিলাদের ওপর নির্যাতন হচ্ছে, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

বাইট সৎপাল

এর আগে দলের সদস্য বিপ্লব দেব অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী রাজ্যে অগণতান্ত্রিক সানসিকতা নিয়ে সরকার পরিচালনা করছে।

রাজ্যে গণতন্ত্র আছে বলেই বিজেপির প্রতিনিধি দল কসবায় যেতে পেরেছে বলে মন্ত্রী শশী পাঁজা মন্তব্য করেছেন। এক সাংবাদিক বৈঠকে আজ তিনি বলেন, নির্যাতনের অভিযোগ পাওয়ার ১২ ঘন্টার মধ্যে কলকাতা পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। কেন্দ্রীয় ফ্যাক্ট ফাইন্ডিং টিমের কসবা যাওয়াকে কটাক্ষ করেন তিনি।

বাইট শশী পাঁজা

বিজেপির ফ্যাক্ট ফাইন্ডিং টিমের কসবা ল কলেজ পরিদর্শনকে কটাক্ষ করেছে কংগ্রেসও। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, তৃণমূল কংগ্রেস সরকার এই ঘটনার দায় এড়াতে পারেনা।

এদিকে কসবা কান্ডের প্রতিবাদে আজও বিক্ষোভ আন্দোলন অব্যাহত।

এবিভিপির লালবাজার অভিযানকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার কান্ড বাধে। বি বি গাঙ্গুলী স্ট্রীটে পুলিশ তাদের পথ আটকায়। পুলিশের দাবি এই মিছিলের জন্য কোনো অনুমতি নেওয়া হয়নি। এবিভিপি কর্মী সমর্থকদের জোর করে পুলিশ প্রিজন ভ্যানে তুলে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ।

---------------------

সাউথ ক্যালকাটা ল কলেজে ধর্ষণের ঘটনায় আজ সুপ্রিম কোর্ট এবং কলকাতা হাইকোর্টে একাধিক মামলা দায়ের হয়েছে।

শীর্ষ আদালতের নজরদারিতে সিবিআই তদন্তের দাবি জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন সত্যম সিং নামে এক আইনজীবী। নির্ধারিত সময়সীমার মধ্যে তদন্ত শেষ করার পাশাপাশি নির্যাতিতার নিরাপত্তা এবং তাকে আর্থিক সহায়তা দেওয়ারও আবেদন জানিয়েছেন তিনি।

অন্যদিকে, এই ঘটনায় জনস্বার্থ মামলা দায়ের করার আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছেন বিজয় কুমার সিংঘল নামে এক ব্যক্তি। ধর্ষণের তদন্তে গঠিত সিটের চেয়ারম্যান হিসাবে একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে রাখা ছাড়াও অনুমোদন ব্যতীত কিভাবে এই কলেজ চলছিল এবং কলেজে ভর্তির ফি-তে ইউনিয়নের চাঁদা কিভাবে নেওয়া হচ্ছিল, তা নিয়ে প্রশ্ন তোলা হয়। মামলা দায়েরের অনুমতি দিয়েছে ডিভিশন বেঞ্চ। একই বেঞ্চে আরও একটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

একই সঙ্গে সাউথ ক্যালকাটা ল কলেজ সহ রাজ্যের সব কলেজ বিশ্ববিদ্যালয়ে অবৈধ ছাত্র ইউনিয়ন রুম বন্ধের দাবিতে এবং ইউনিয়নের বিরুদ্ধে তোলাবাজির অভিযোগে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছেন আইনজীবী সায়ন ব্যানার্জি।

এদিকে, আইনী পড়ুয়ার কলেজ ক্যাম্পাসে ধর্ষণের প্রতিবাদে আগামী দোসরা জুলাই কালীঘাট থেকে কসবা পর্যন্ত মিছিল করার জন্য পুলিশের কাছে আবেদন জানায় বিজেপি যুব মোর্চা। তা না মেলায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে তারা। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে আগামীকাল এই মামলার শুনানি হতে পারে।

---------------------

কলেজ ক্যাম্পাসে তরুণী পড়ুয়াকে ধর্ষনের ফলে উদ্ভূত পরিস্থিতিতে সাউথ ক্যালকাটা ল কলেজে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। BA LLB এবং LLM ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে কলেজের পরিচালন সমিতি। পরিচলন সমিতি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সিদ্ধান্ত বহাল থাকবে এবং কলেজ চত্বরে পড়ুয়ারা ঢুকতে পারবেন না।

এদিকে, কলেজের নিরাপত্তার বেহাল দশা, পঠন-পাঠনে অনিয়ম, নিয়মিত ক্লাস না হওয়া-সহ একাধিক অভিযোগ সামনে এনেছেন ঐ কলেজের পড়ুয়ারা। আজ সাংবাদিক বৈঠকে তারা অভিযোগ করেন, কলেজে কোনো নিরাপত্তা নেই। বহিরাগতরা অবাধে কলেজের মধ্যে প্রবেশ করতে পারে। পরিচয়পত্র না দেখেই কলেজের ভেতরে লোক ঢুকিয়ে দেওয়া হয় বলেও তাঁদের অভিযোগ। কলেজের ক্লাস আপাতত বন্ধ রাখার যে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে সে ব্যাপারে পড়াশোনার ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে

----------------------

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনাস্থল পরিদর্শন করতে চেয়ে শিয়ালদহ আদালতে আবেদন জানিয়েছে অভয়ার পরিবার। আগামী সোমবার বিষয়টির শুনানি হতে পারে। কলকাতা হাইকোর্টে আর জি করের মূল মামলার শুনানি রয়েছে আগামী ১৯ জুলাই। এর আগে একই আবেদন নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল চিকিৎসকের পরিবার। কিন্তু বিচারপতি তীর্থঙ্কর ঘোষ নির্দেশ দেন, এই বিষয়ে যেহেতু শিয়ালদা আদালত অনেক ভালোভাবে অবগত, তাই সেখানেই আবেদন জানাতে হবে।

----------------------

কলকাতা হাইকোর্ট, ২০১৯ সালে সন্দেশখালিতে তিন বিজেপি কর্মী খুনের ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, সন্দেশখালিতে ২০১৯ সালের ৬ই জুন তিন ভারতীয় জনতা পার্টির কর্মী প্রদীপ মণ্ডল, দেবদাস এবং সুকান্ত মণ্ডলকে হত্যার পর দেহ লোপাট করে দেওয়া হয় বলে পরিবারের অভিযোগ। দায়ের হওয়া দুটি মামলাতেই মূল অভিযুক্ত হিসেবে তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাহজাহানের নাম উঠে আসে। আদালত প্রথমে সিআইডি তদন্তের নির্দেশ দিলেও দুটি মামলাতেই চার্জশিট থেকে শেখ শাহজাহানের নাম বাদ দেয় পুলিশ।

এরপর গত বছর বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর তত্ত্বাবধানে ওই বিজেপি কর্মীদের পরিবার ফের সিবিআই তদন্তের আর্জি নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়। দীর্ঘ শুনানির পর আজ বিচারপতি জয় সেন গুপ্ত নির্দেশ দেন, সিবিআই যুগ্ম অধিকর্তার নেতৃত্বে এবং নিম্ন আদালতের নজরদারিতে এই তদন্ত হবে।

---------------------

উপকূলীয় প্রাণী বা সামুদ্রিক জীবের সংরক্ষণে জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া জন্য বিশেষ উদ্যোগ নিয়েছে। কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব আজ কলকাতায় জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০তম প্রতিষ্ঠা দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন, উপকূলীয় প্রাণী বা সামুদ্রিক জীবদের ওপর শনাক্তকরণে উপযুক্ত ট্যাগ বসানো হবে। ওড়িশা উপকূলের পর এবার পশ্চিমবঙ্গ উপকূলেও এই কাজ শুরু হতে চলেছে।

বাইট ভুপেন্দ্র যাদব

উল্লেখ্য অলিভ রিডলে প্রজাতির কচ্ছপ সংরক্ষণে শনাক্তকরণ ট্যাগ বসানোর কাজে ইতোমধ্যেই সাফল্য পাওয়া গেছে। আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অধিকর্তা ধৃতি ব্যানার্জী সহ অন্যরা।

---------------------

কেন্দ্র ১৯৭৫ সালের পঁচিশে জুন জরুরী অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে উল্লেখ করেছে। এই উপলক্ষে বিশেষ কর্মসূচি নিয়েছে সরকার। বিষয়টি নিয়ে আকাশবাণী কলকাতা সংবাদ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের মতামত নিয়েছে।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক সুজয়া বসুর মতে ১৯৭৫ সালের জরুরি অবস্থা ঘোষণার অভ্যন্তরীণ যে কারণ দেখানো হয়েছিল তা কোন মতেই যুক্তিপূর্ণ ছিল না।

(বাইট সুজয়া বসু)

---------------------

আজ ঐতিহাসিক হুল দিবস । এরাজ্যেও যথোচিত মর্যাদায় দিনটি পালিত হচ্ছে ।

এই উপলক্ষ্যে রাজ্য স্তরের মূল অনুষ্ঠানটি হয় ঝাড়গ্রাম স্টেডিয়ামে। উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা এবং পর্যটন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন এবং বন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী বীরবাহা হাঁসদা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, হুল দিবস উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, শাসকের অত্যাচারের বিরুদ্ধে সিধো-কান্হোর নেতৃত্বে লড়াই, আজ'ও আমাদের প্রেরণা জোগায়।

কলকাতায় সিধো কানহো মেমোরিয়াল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আজ রাজভবন সংলগ্ন এলাকায় দিনটি পালন করা হয়। সিধু কানহো ডহরে শহীদ বেদিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন, কমিটির সহ সভাপতি নেপাল সিং সহ অন্যান্যরা। পরে পাঁচ জনের একটি প্রতিনিধি দল, এসপ্ল্যানেড সংলগ্ন ঐ এলাকায় বিভিন্ন দপ্তর ও দোকানের ঠিকানা হিসাবে সিধু কানহো ডহর লেখা, রাজ্য সরকারের পক্ষ থেকে সকলের জন্য সরকারি ছুটি ঘোষণা সহ একাধিক দাবিতে রাজ্যপালের কাছে একটি স্মারকলিপি জমা দেন।

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

---------------------

রাজ্যের মুখ্য সচিব হিসাবে মনোজ পন্থের কর্মকালের মেয়াদ আরও ৬ মাস বাড়ানো হয়েছে। কেন্দ্রীয় কর্মীবর্গ এবং প্রশিক্ষণ দপ্তর থেকে আজই মুখ্যসচিব হিসাবে শ্রী পন্থের মেয়াদ বৃদ্ধির কথা জানিয়ে রাজ্য সরকারের কাছে চিঠি আসে।

এর আগে নবান্নের পক্ষ থেকে এই মর্মে আবেদন জানানো হয়েছিল। আজকের সিদ্ধান্তের ফলে ১৯৯১ ব্যাচের আইএএস আধিকারিক ডক্টর মনোজ পন্থ্ এবছরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত মুখ্য সচিব হিসাবে দায়িত্ব সামলাবেন।

উল্লেখ্য, গত বছর ৩১ শে আগস্ট তিনি এই দায়িত্ব গ্রহণ করেছিলেন।

---------------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের উপর তৈরি নিম্নচাপ অঞ্চলটি এখন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন এলাকার ওপর অবস্থান করছে। ধীরে ধীরে তা পশ্চিম, উত্তর পশ্চিম দিকে অগ্রসর হবে। এরই সঙ্গে বিস্তৃত সক্রিয় মৌসুমী অক্ষরেখার ফলে রাজ্যের প্রায় সব

জেলাতেই সারা সপ্তাহ জুড়ে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত।

বাইট

এদিকে, বিকেল সাড়ে ৫ টা পর্যন্ত গত ২৪ ঘন্টায় কলকাতায় বৃষ্টি হয়েছে ২৮ দশমিক ৮ মিলিমিটার। মৎস্যজীবীদের আগামী বুধবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

---------------------

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এর জন্ম ও প্রয়ান বার্ষিকীটি রাজ্য সরকার আগামীকাল যথাযোগ্য মর্যাদায় চিকিৎসক দিবস হিসাবে পালন করবে। এই উপলক্ষ্যে বিধানচন্দ্র রায়ের বাড়ি, নবান্ন ও বিধানসভা ভবন সহ একাধিক জায়গায় নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য দিনটির স্মরণে রাজ্য সরকার আগেই সব সরকারি ও আধা সরকারি অফিস এবং বিদ্যালয়ে অর্ধদিবস ছুটি ঘোষনা করেছে।

---------------------

কলকাতা প্রিমিয়ার লিগ অভিযানের প্রথম ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট,পরাজিত হয়েছে। নৈহাটি স্টেডিয়ামে আজ মোহনবাগান ০-১ গোলে পুলিশ এ সি, র  কাছে হেরে গেছে। খেলার ৪৭ মিনিটে মহম্মদ আমিল নঈম গোল করেছেন।

অন্যদিকে, জর্জ টেলিগ্রাফ ৩-২ গোলে বিএসএস স্পোর্টিং ক্লাবকে, পাঠচক্র ২-০ গোলে কালিঘাট স্পোর্টস লাভার্স এসোসিয়েশনকে হারিয়ে দিয়েছে।

কলকাতা কাস্টমস ৩-০ গোলে রেলওয়ে এফ সি, র বিরূদ্ধে জয়লাভ করেছে। সুরুচি সংঘ ৪-০ গোলে হারিয়ে দিয়েছে কালিঘাট এম এস কে।

--------------------- ---------------------